দৈনিক খবর

তারিখ 27 APR 1993
পৃষ্ঠা ৮ কলাম ৬

৫৩/

### রংপুরে ডঃ কামাল হোসেনের আহবান

# শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশের জন্য সংসদে সর্বসম্মত প্রস্তাব নিন

রংপুর, ২৬শে এপ্রিল (লিয়াকত আলী বাদল)।– গণতান্ত্রিক ফোরামের আহবায়ক ডঃ কামাল হোসেন সরকারী ও বিরোধী দলীয় সকল সংসদ সদস্যকে সারাদেশে শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য সংসদে সর্বসম্মতভাবে একটি প্রস্তাব গ্রহণের আহবান জানিয়েছেন। এ সংক্রান্ত একটি সুপারিশও তিনি পেশ করেছেন। তিনি আজ সোমবার বিকেলে রংপুর টাউন হলে গণতান্ত্রিক ফোরামের জাতীয় সম্মেলন উপলক্ষে এক সমাবেশে বক্তৃতা করছিলেন।

আবিজার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে বক্তৃতা করেন ব্যারিস্টার আমীরুল ইসলাম, মেজর জেনারেল (অবঃ) খলিলুর রহমান, এডভোকেট জহিরুল ইসলাম।

ডঃ কামাল বলেছেন, দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে যেভাবে চর দখলের প্রতিযোগিতা চলছে এবং প্রতিদিন কোন না কোন শিক্ষা প্রতিষ্ঠানে যেভাবে গোলাগুলী ও সন্ত্রাস চলছে তাতে সারাদেশে শিক্ষার পরিবেশ নেই বললেই চলে। সেজন্য তিনি সংসদ সদস্যদের উদ্দেশে একটি প্রস্তাবের সুপারিশ করেন।

পুলিশের মহাপরিদর্শককে এ মর্মে নির্দেশ প্রদান করা এবং সময় বেঁধে দেয়া (১০ থেকে ১৫ দিন) যাতে পুলিশ এ নির্দিষ্ট সময়ের মধ্যে শিক্ষাঙ্গনকে অস্ত্রমুক্ত করবে ও যারা সন্ত্রাসী তাদেরকে গ্রেফতার করবে এবং এতদসংক্রান্ত রিপোর্ট যেন সংসদে পেশ করা হয়।

তিনি শিক্ষা ব্যবস্থায় পরিবর্তন আনার আহবান জানান।